গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং- ২০৭-আইন/আয়কর-০২/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);

(খ) **"আয়কর রিটার্ন প্রস্তুতকারী"** অর্থ বিধি ৫ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্ত কোনো ব্যক্তি;

(গ) **"কর অভিজ্ঞান পরীক্ষা"** অর্থ বোর্ড কর্তৃক গৃহীত Tax Aptitude & Accounting Test (TAAT);

(ঘ) **"বোর্ড"** অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(ঙ) **"যোগ্য ব্যক্তি"** অর্থ আইনের ধারা ১৬৬ এর অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ ব্যক্তি;

(চ) **"সহায়তাকারী প্রতিষ্ঠান"** অর্থ বিধি ৭ এর অধীন বোর্ড কর্তৃক নির্বাচিত কোনো নিবন্ধিত ফার্ম বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিগমিত কোনো কোম্পানী।

৩। **আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির যোগ্যতা।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদপ্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) সরকারি চাকরিতে কর্মরত নন এইরূপ বাংলাদেশি নাগরিক হইতে হইবে;

(খ) ন্যূনতম স্নাতক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(গ) স্বাভাবিক ব্যক্তি করদাতার আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিলের বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে;

(ঘ) কম্পিউটার এবং আইসিটি বিষয়ে ব্যবহারিক জ্ঞান থাকিতে হইবে;

(ঙ) বোর্ড কর্তৃক গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং

(চ) টিআইএনধারী হইতে হইবে এবং আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ থাকিতে হইবে।

৪। **আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদান।**—(১) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ প্রদানের যোগ্যতা যাচাইয়ের নিমিত্ত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) গ্রহণ করিবে এবং উত্তীর্ণ প্রার্থীদের আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(২) আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে স্বীকৃত ব্যক্তিগণের আবেদনের প্রেক্ষিতে বোর্ড, কোনো প্রকার পরীক্ষা ব্যতিরেকে, তাহাদের যোগ্যতার সনদ ও অন্যান্য প্রযোজ্য দলিলাদি যাচাইপূর্বক আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রদান করিবে।

(৩) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের জন্য প্রয়োজনীয় পাঠ্যসূচি প্রণয়ন ও প্রচার করিবে।

**৫। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর তালিকাভুক্তি।**—(১) বিধি ৪ এর অধীন সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী তালিকাভুক্তির জন্য বোর্ডের নিকট সরাসরি আবেদন করিতে পারিবেন এবং আবেদনে তিনি যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইতে আগ্রহী তাহার নাম উল্লেখ করিতে পারিবেন।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাইক্রমে আবেদনকারীকে আয়কর রিটার্ন প্রস্তুতকারী হিসাবে তালিকাভুক্তির নিমিত্ত বোর্ডের সহিত নিবন্ধনপূর্বক একটি অনন্য শনাক্তকরণ সংখ্যা বা Unique Identification Number প্রদান করিবে।

(৩) একজন আয়কর রিটার্ন প্রস্তুতকারী যেই সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত তালিকাভুক্ত হইবেন সেই সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্বাচিত হইবে।

**৬। প্রতিনিধিত্ব।**—এই বিধিমালার অধীন গৃহীত কর অভিজ্ঞান পরীক্ষা (TAAT) উত্তীর্ণ ও সনদপ্রাপ্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারীগণ কেবল আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন এবং কোনোভাবেই আইনের ধারা ৩২৭ অনুযায়ী কর আইনজীবী হিসাবে গণ্য হইবেন না।

**৭। সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন।**—(১) বোর্ড এই বিধিমালার অধীন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনে, ভৌগোলিক এলাকা ভিত্তিক এক বা একাধিক সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচন করিতে পারিবে।

(২) সহায়তাকারী প্রতিষ্ঠান নির্বাচনে আয়কর বিষয়ক সেবা ও পরামর্শ প্রদানে অভিজ্ঞ প্রতিষ্ঠান অগ্রাধিকার পাইবে।

(৩) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা থাকিতে হইবে।

(৪) সহায়তাকারী প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের কম্পিউটার ল্যাবসহ রিটার্ন দাখিলের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সরবরাহের সক্ষমতা থাকিতে হইবে।

**৮। সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি।**—সহায়তাকারী প্রতিষ্ঠানের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বোর্ডের দিক নির্দেশনা ও তত্ত্বাবধানে কাজ করিবে এবং বোর্ড কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনাবলি অনুসরণ করিবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের—

(অ) প্রোফাইল সংরক্ষণ করিবে;

(আ) কর্মদক্ষতা নিরীক্ষণ করিবে; এবং

(ই) দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

**৯। আয়কর রিটার্ন প্রস্তুত এবং দাখিল।**—কোনো নিবাসী যোগ্য ব্যক্তি তাহার প্রথমবারের এবং পরবর্তী সময়ের আয়কর রিটার্ন, আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে প্রস্তুত এবং দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে,

(ক) আইনের ধারা ১৬৬ এর অধীনে রিটার্ন দাখিল হইতে হবে;

(খ) আইনের ধারা ১৭৫, ১৮০(২) ও ২১২ এর অধীন দাখিলকৃত রিটার্ন হইবে না;

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অনলাইন মাধ্যমে রিটার্ন দাখিল করিতে হইবে।

**১০। যোগ্য ব্যক্তির কর্তব্য।**—যোগ্য ব্যক্তি নিশ্চিত হইবেন যে—

(ক) তাহার রিটার্ন এই বিধিমালার অধীন দাখিলযোগ্য;

(খ) তিনি, বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে, আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে সম্মতি প্রদান করিয়াছেন;

(গ) কর পরিগণনাসহ রিটার্নে উল্লিখিত তথ্যগুলি সঠিক ও সম্পূর্ণ;

(ঘ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে কর প্রদানের চালান বুঝিয়া নিয়াছেন;

(ঙ) তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারীর নিকট হইতে রিটার্ন দাখিলের সিস্টেম জেনারেটেড স্লিপ অথবা সার্টিফিকেট বুঝিয়া নিয়াছেন।

**১১। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারীর কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) তিনি দায়িত্বশীলতার সহিত যোগ্য ব্যক্তির রিটার্ন প্রস্তুত করিবেন;

(খ) তিনি রিটার্ন প্রস্তুত ও দাখিলের পূর্বে যোগ্য ব্যক্তির সম্মতি গ্রহণ করিবেন;

(গ) তিনি রিটার্নের একটি অনুলিপি সংশ্লিষ্ট যোগ্য ব্যক্তির কাছে হস্তান্তর করিবেন; এবং

(ঘ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR) তাহার কাছে সংরক্ষণ করিবেন এবং যোগ্য ব্যক্তির নিকট হস্তান্তর করিবেন।

**১২। আয়কর রিটার্ন প্রস্তুতকারীদের প্রণোদনা।**—(১) বোর্ড আয়কর রিটার্ন প্রস্তুতকারীর জন্য নিম্নরূপ পরিমাণ প্রণোদনা অনুমোদন করিতে পারিবে, যথা:—

| **সময়** | **আইনের ধারা ১৭৩ বা ১৭৪ এ প্রদত্ত মোট কর** | **প্রণোদনার হার** |
|---|---|---|
| প্রথম, দ্বিতীয় ও তৃতীয় করবর্ষ | ন্যূনতম করের উপর | ১০% |
| | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ২% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ১% |
| | অবশিষ্ট করের উপর | ০.৫% |
| **সময়** | **আইনের ধারা ১৭৩ বা ১৭৪ এ প্রদত্ত মোট কর** | **প্রণোদনার হার** |
| চতুর্থ ও পঞ্চম করবর্ষ | ন্যূনতম করের উপর | ৫% |
| | পরবর্তী পনেরো হাজার টাকা পর্যন্ত করের উপর | ১% |
| | পরবর্তী পঞ্চাশ হাজার টাকা করের উপর | ০.৫% |
| | অবশিষ্ট করের উপর | ০.২৫% |

তবে শর্ত থাকে যে,

(ক) আয়কর রিটার্ন প্রস্তুতকারী দ্বারা প্রস্তুতকৃত আয়কর রিটার্নে করদাতার ঘোষিত আয়ের উপর করদাতার রিটার্নের সাথে প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার করের উপর প্রণোদনা প্রদান করা হইবে;

(খ) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনার ১০% (দশ শতাংশ) সহায়তাকারী প্রতিষ্ঠান সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

(২) যেক্ষেত্রে প্রথম বৎসরের আয়কর রিটার্ন দাখিলের পর কোনো যোগ্য ব্যক্তি আয়কর রিটার্ন প্রস্তুতকারী পরিবর্তন করিয়া নূতন আয়কর রিটার্ন প্রস্তুতকারীর মাধ্যমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের রিটার্ন দাখিল করিবেন, সেইক্ষেত্রে পরিবর্তিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী, ক্ষেত্রমত, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা পঞ্চম করবর্ষের জন্য নির্ধারিত হারে প্রণোদনা প্রাপ্য হইবেন।

(৩) বোর্ড, সময় সময়, উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত প্রণোদনা পরিবর্তন করিতে পারিবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্যে—

(ক) "প্রথম করবর্ষ" অর্থ যে করবর্ষে যোগ্য ব্যক্তি তাহার আয়কর রিটার্ন প্রথমবারের মতো দাখিল করিবেন এবং উক্ত যোগ্য ব্যক্তি ইতঃপূর্বে কোনো করবর্ষে রিটার্ন দাখিল করেন নাই;

(খ) "দ্বিতীয় করবর্ষ" অর্থ প্রথম করবর্ষের পরের করবর্ষ;

(গ) "তৃতীয় করবর্ষ" অর্থ দ্বিতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঘ) "চতুর্থ করবর্ষ" অর্থ তৃতীয় করবর্ষের পরের করবর্ষ;

(ঙ) "পঞ্চম করবর্ষ" অর্থ চতুর্থ করবর্ষের পরের করবর্ষ;

(চ) "১৭৩ এবং ১৭৪ ধারায় প্রদত্ত মোট কর" অর্থ যোগ্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত রিটার্নের সহিত প্রদত্ত ১৭৩ এবং ১৭৪ ধারার কর এবং ইহাতে নিম্নোক্ত করাদি বা পরিশোধ অন্তর্ভুক্ত হইবে না—

(অ) কর দিবসের পরে রিটার্ন দাখিলের জন্য পরিশোধিত অতিরিক্ত কোনো কর;

(আ) রিটার্নে দাবিকৃত প্রত্যার্পনযোগ্য কর; এবং

(ই) উৎসে পরিশোধিত কর।

**১৩। পঞ্চম করবর্ষ পরবর্তী রিটার্ন দাখিল।**—আয়কর রিটার্ন প্রস্তুতকারী একজন যোগ্য ব্যক্তির পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, পঞ্চম করবর্ষ পরবর্তী যে কোনো সময়ের জন্য রিটার্ন দাখিলের জন্য কোনো প্রণোদনা প্রদান করা হইবে না।

**১৪। সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ।**—সহায়তাকারী প্রতিষ্ঠান আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রণোদনার ১০% (দশ শতাংশ) সার্ভিস চার্জ হিসাবে প্রাপ্য হইবে।

**১৫। বিল দাখিল ও পরিশোধ।**—(১) বিধি ১২ এর অধীন আয়কর রিটার্ন প্রস্তুতকারী রিটার্ন দাখিলের প্রেক্ষিতে প্রাপ্য প্রণোদনার অর্থ প্রাপ্তির জন্য সহায়তাকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডের নিকট আবেদন করিবে।

(২) আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও নির্ধারিত সার্ভিস চার্জ প্রদর্শন করিয়া সহায়তাকারী প্রতিষ্ঠান বোর্ডের নিকট বিল দাখিল করিবেন।

(৩) বোর্ড পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বিল অনুমোদন করিবে এবং পৃথকভাবে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর প্রাপ্য প্রণোদনা ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ পরিশোধ করিবে।

**১৬। আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত বিবরণ রক্ষণাবেক্ষণ।**—(১) বোর্ড প্রত্যেক আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত সম্পর্কিত তথ্য সংরক্ষণ করিবে এবং, সময় সময়, তাহাদের কর্মদক্ষতা মূল্যায়ন করিবে।

(২) বোর্ড, সময় সময়, আয়কর রিটার্ন প্রস্তুতকারী ও সহায়তাকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

**১৭। আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিল।**—(১) বোর্ড, কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারীকে তাহার কাজের ঘাটতি ও তাহার অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং নিম্নবর্ণিত ঘাটতি বা অসদাচরণের কারণে আয়কর রিটার্ন প্রস্তুতকারীর সনদ বাতিলের পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা:—

(ক) যদি তিনি করদাতাকে নিম্নবর্ণিত দলিলাদি সরবরাহ করিতে অপারগ হন—

(অ) দাখিলকৃত রিটার্নের সিস্টেম জেনারেটেড একটি অনুলিপি;

(আ) রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of submission of return বা PSR);

(খ) যদি তিনি তাহার দ্বারা প্রস্তুতকৃত রিটার্নে সঠিকভাবে করদাতা কর্তৃক সরবরাহকৃত তথ্য সন্নিবেশ করিতে ব্যর্থ হন;

(গ) যদি তিনি বিধি ১২ এর উপ-বিধি (১) এর অধীন প্রতারণামূলকভাবে প্রণোদনা দাবি করেন;

(ঘ) যদি তিনি কোনো আর্থিক অনিয়ম বা জালিয়াতির সহিত জড়িত থাকেন;

(ঙ) যদি তিনি ইচ্ছাকৃতভাবে রিটার্নে আয় বা আয়ের উপর পরিগণিত কর দায়বদ্ধতা অবমূল্যায়ন করিবার চেষ্টা করেন;

(চ) যদি তিনি গুরুতর প্রকৃতির অন্য কোনো অনিয়মের সহিত জড়িত থাকেন এবং বোর্ডের নিকট উহার স্বপক্ষে প্রমাণাদি উপস্থাপিত হয়;

(ছ) যদি তিনি, সময় সময়, বোর্ডের জারি করা নির্দেশনা মানিয়া চলিতে ব্যর্থ হন;

(জ) যদি তিনি আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ প্রাপ্তির পর সরকারি চাকরি থেকে আয় প্রাপ্ত হন।

(২) কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী এই বিধিমালার অধীন আয়কর রিটার্ন প্রস্তুত ও দাখিল করিতে পারিবেন, যদি না—

(ক) এই বিধিমালার অধীন তাহাকে প্রদত্ত আয়কর রিটার্ন প্রস্তুতকারী সনদ বোর্ড কর্তৃক স্থগিত বা প্রত্যাহার করা হয়; বা

(খ) এই বিধিমালা বোর্ড দ্বারা প্রত্যাহার করা হয়।

**১৮। সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিল।**—বোর্ড স্বপ্রণোদিত হইয়া অথবা আয়কর রিটার্ন প্রস্তুতকারীর অভিযোগের ভিত্তিতে কোনো সহায়তাকারী প্রতিষ্ঠানকে উহার যে কোনো ধরনের পরিপালনজনিত ঘাটতি ও অসদাচরণ সম্পর্কে সতর্ক করিতে পারিবে এবং সহায়তাকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি বাতিলের পদক্ষেপ গ্রহণ করিবে যদি সহায়তাকারী প্রতিষ্ঠান–

(ক) সন্তোষজনক সংখ্যক টিআরপি (Tax Return Preparer) তালিকাভুক্তকরণে ব্যর্থ হয়; বা

(খ) অন্য কোনো কারণে তাহার উপর অর্পিত দায়িত্ব পরিপালনে সক্ষম না হয়; বা

(গ) রাজস্ব ও জনস্বার্থ পরিপন্থি কোনো কর্মকাণ্ডে জড়িত বলিয়া বোর্ডের নিকট প্রতীয়মান হয়।

**১৯। গোপনীয়তা লঙ্ঘন।**—কোনো আয়কর রিটার্ন প্রস্তুতকারী অথবা কোনো সহায়তাকারী প্রতিষ্ঠান কোনো করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন করিলে, বোর্ড তাহার বিরুদ্ধে আয়কর আইনের অধীন ফৌজদারী মামলা দায়েরসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**২০। রহিতকরণ।**—২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে এস.আর.ও. নং-১৬৮-আইন/আয়কর/ ২০২৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশিত আয়কর রিটার্ন প্রস্তুতকারী বিধিমালা, ২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**ড. সামস উদ্দিন আহমেদ**
**সদস্য (গ্রেড-১)**
**(করনীতি)।**